১৫৮।

দৈনিক ইনকিলাব

তারিখ 24 NOV 1997
পৃষ্ঠা ৯ কলাম ২

# এবার প্রাইমারী স্কুলের প্রশ্নপত্রও ফাঁস !

বরিশাল ব্যুরো : অবশেষে বরিশালে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রশ্নপত্রও ফাঁস হয়ে গেছে। গত শনিবার থেকে বরিশাল শহরের সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে ফাইনাল পরীক্ষা শুরু হয়েছে। কিন্তু এর আগেই শহরের কয়েকটি স্থানে এসব প্রশ্নপত্র পাওয়া যাচ্ছে। এ সংক্রান্ত লিখিত অভিযোগ পত্রিকা অফিসগুলোতে আসছে। এ ব্যাপারে গতকাল বরিশালের জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও বিভাগীয় উপ-পরিচালকের সাথে যোগাযোগের চেষ্টা করেও কাউকে পাওয়া যায়নি। তারা উভয়ই একটি পর্যালোচনা সভায় যোগ দিতে কক্সবাজারে গেছেন।